মুজিবনগরে আনন্দবাস ক্রিকেট টুর্নামেন্টের শুভ উদ্বোধন

“আমাদের অঙ্গীকার মাদকমুক্ত পরিবার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগর উপজেলার আনন্দবাস প্রিমিয়ার ক্রিকেট লীগ ২০২৪ এর শুভ উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার (১৫ নভেম্বর) বিকেলে উপজেলার আনন্দবাস এক্সপ্রেস এর আয়োজনে আনন্দবাস খেলার মাঠে এ টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

আব্দুল হালিমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম,বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্দবাস এক্সপ্রেস এর প্রতিষ্ঠাতা পরিচালক আলমগীর হোসেন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আনন্দবাস মিয়ামুনসুর একাডেমির প্রধান শিক্ষক মাহাবুবুল হাসান ব্যাট দিয়ে বল মেরে খেলার উদ্বোধন করেন। উদ্বোধনী খেলায় একদিকে অংশগ্রহণ করেছে মেহেরপুর ৫ নং ওয়ার্ড একাদশ এবং অপরদিকে অংশগ্রহণ করেছে সুবিদপুর একাদশ।

উদ্বোধনী খেলায় মেহেরপুর ৫ নং ওয়ার্ড একাদশ টসে জিতে ব্যাট নিয়ে ১২৯ রান করে জবাবে সুবিদপুর একাদশ ১৩০ রান করতে সক্ষম হয়। ১ রানে জয় পায় সুবিদপুর একাদশ। খেলাটি পরিচালনা করেন, আরিফ রেজা ও সাদিক হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনা এবং খেলার ধারাভাষ্যকার হিসেবে ছিলেন শামীম শিশির, নুরু জাম্মান নাহিদ এবং হক সাহেব হাসা।

এবারের আনন্দবাস এক্সপ্রেস প্রিমিয়ার ক্রিকেট লীগের নক আউট ভিত্তিক খেলায় ৩২টি দল অংশগ্রহণ করছে। আগামীকাল আনন্দবাস ক্রিকেট টুর্নামেন্টের খেলায় একদিকে অংশগ্রহণ করবেন খলিশা গাড়ি একাদশ বনাম ঝাউবাড়ি একাদশ।

গাংনীতে পেশাজীবী সচেতনতা ও প্রকাশ্য বিনিয়োগ বিতরণ

বাংলাদেশ ব্যাংকের ৭৫০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় হিসাবধারী প্রান্তিক, ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ী” এর মাঝে সচেতনতা সৃষ্টি ও প্রকাশ্যে বিনিয়োগ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে গাংনী উপজেলার সন্ধানী স্কুল এন্ড কলেজের অডিটোরিয়ামে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের নির্দেশনায় লিড ব্যাংক আল-আরাফাহ ইসলামী ব্যাংক পিএলসির আয়োজনে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আরাফাহ্ ইসলামী ব্যাংকের বামুন্দী শাখার শাখা ব্যবস্থাপক মোঃ হাসান ওয়ায়েজ আল সাগরের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও হেড অব ফাইন্যান্সিয়াল লিটারেসি উইং একে এম আমজাদ হোসেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট এর যুগ্ম-পরিচালক ঝুমা রানী।

বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংক ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টের উপ-পরিচালক তানিয়া ভূঁইয়া, ভাইস প্রেসিডেন্ট ও খুলনা জোনাল অফিস সৈয়দ মনিরুল আলম, সন্ধানী স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল হাবিবুর রহমান।

বিশেষ অতিথি তানিয়া ভূঁইয়া বলেন, এই লোনটা সবাই পাক। সবার কাছে যাক এতে করে সবাই আর্থিক ভাবে ভালো থাকবেন। সকলের অর্থনৈতিক সমৃদ্ধির কথা চিন্তা করে এই লোনের ব্যাবস্থা করা হয়েছে।

সভাপতি একেএম আমজাদ হোসেন বলেন, বাংলাদেশ ব্যাংক এই পুনর্বাসন স্কিম টাকে ৫০০ কোটি টাকা থেকে ৭৫০ কোটি টাকা করেছে।

অনেকে ব্যবসায় লস খেয়ে পুজি হারিয়ে নিঃস্ব হয়ে যায়। তাদেরকে ধরে রাখতেই এই পুনর্বাসন স্কিম করা। আমরা যে সকল ব্যাংক এর সাথে যুক্ত আছি তারা যদি এই ৭৫০ কোটি টাকার সঠিক ভাবে বিতরণ করতে

পারি তাহলে আমাদের সক্ষমতা প্রমাণ হবে।

এই স্কিমটা একটি আবর্তনশীল স্কিম। আমরা সক্ষম হলে পরবর্তীতে এই স্কিম ১০০০ কোটি টাকা পর্যন্ত হতে পারে।

প্রধান অতিথি ঝুমা রানী বলেন, ২০১৪ সালে ২০০ কোটি টাকার ফান্ড নিয়ে এই স্কিম প্রথম শুরু হয়।

পরবর্তীতে এর চাহিদা বাড়ায় বর্তমানে এর ফান্ড ৭৫০ কোটি টাকায় উন্নিত হয়। আমাদের প্রায় ৫০ ক্যাটাগরির পেশাজীবি আছে। তারা এই সুবিধা নিতে পারবে।

এর বাইরেও স্টুডেন্ট রা ১০০ টাকার একটা একাউন্ট খুলে বিভিন্ন সুযোগ সুবিধা নিতে পারবে। বই কেনা, উপবৃত্তি সহ অন্যান্য সুবিধা নিতে পারবে।

এছাড়াও তিনি বলেন, এই স্কিমটাবিশষ করে প্রান্তিক পর্যায়ের কৃষকদের জন্য করা। তারা যেন তাদের কৃষিকাজ সঠিকভাবে করতে পারে। অর্থের অভাবে যেন উৎপাদন বন্ধ হয়ে না যায়।

এজন্যই এই পুনর্বাসন স্কিম করা হয়েছে। বর্তমানে মেহেরপুর জেলায় বিভিন্ন ধরনের ফসল, সবজি এবং ফলের চাষ হয়। এই সকল চাষীরা এখান থেকে লোন নিয়ে তাদের কাজ করতে পারবে।

এছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন ব্যাংকের শাখা ব্যবস্থাপক ও তাদের বিনিয়োগ গ্রহীতারা।

মুজিবনগরে ডা: জামাল উদ্দিন মডেল একাডেমির অভিভাবক সমাবেশ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

মুজিবনগরের দারিয়াপুরে ডাক্তার জামাল উদ্দিন মডেল একাডেমির আয়োজনে, অভিভাবক সমাবেশ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত

হয়েছে।

আজ (১০ নভেম্বর) বৃহস্পতিবার সকাল ১০ টার সময় উপজেলার দারিয়াপুর শালিকা রোডে অবস্হিত ডাক্তার জামাল উদ্দিন মডেল একাডেমি প্রাঙ্গনে অভিভাবক সমাবেশ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত।

একাডেমির প্রধান শিক্ষক শিক্তা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,ডাক্তার জামাল উদ্দিন ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ডঃ মোস্তফা মোঃ গোলাম মোর্তজা।ডিজেইউএফ শ ম রেজাউল হক রাজু এর সঞ্চালনায়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ফিরাতুল ইসলাম মাস্টার, আনারুল ইসলাম, শামীম রেজা, ডাক্তার জামাল উদ্দিন মডেল একাডেমীর পর্যবেক্ষণ আব্দুল আলিম চপল,ডা:সাদেক আলী।

অনুষ্ঠান শেষে বিভিন্ন শ্রেণীতে ভালো ফলাফল করা শিক্ষার্থীদের সম্মান সূচক পুরস্কার প্রদান করা হয়।

অভিভাবক সমাবেশ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সুধিবৃন্দ, অভিভাবক, শিক্ষকবৃন্দ ও ডিজেইউএমএ এর কর্মকর্তা কর্মচারীবৃন্দ অংশগ্রহন করে।

মুজিবনগরে নিষিদ্ধ পলিথিন ব্যবহারে নিরুৎসাহিত করতে প্রচারণা

“সবাই মিলে প্লাস্টিক দূষণ রোধ করি
বর্তমান ও আগামী প্রজন্মের জন্য টেকসই পরিবেশ গড়ি” এই প্রতিপাদ্যে মুজিবনগরে নিষিদ্ধ পলিথিন/পলিপ্রপাইলিন শপিং ব্যাগ উৎপাদন বাজারজাতকরণ ও ব্যবহার আইনত নিষিদ্ধ করা হয়েছে এই নিষেধাজ্ঞা বাস্তবায়নে সারা দেশব্যাপী গত ১লা নভেম্বর থেকে অভিযান পরিচালিত হচ্ছে। এই অভিযানের অংশ হিসাবে প্রাথমিক পর্যায়ে জনসাধারণকে সতর্ক এবং নীরুৎসাহিত করতে প্রচারণা চালিয়েছে

মুজিবনগর উপজেলা প্রশাসন।

আজ বৃহস্পতিবার সকালে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট খায়রুল ইসলাম এবং জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মোজাফ্ফর খান, উপজেলার কেদারগঞ্জ বাজারে এই প্রচারণা চালান। এ সময় নিষিদ্ধ পলিথিন /পলিপ্রপাইলিন বাজারজাতকরণ ও ব্যবহারের জনসাধারণকে সচেতন করতে লিফলেট বিতরণ করেন।

এসময় উপজেলা নির্বাহী অফিসার জনসাধারণের উদ্দেশ্যে বলেন পহেলা নভেম্বর থেকে নিষিদ্ধ পলিথিন এর বিরুদ্ধে সারাদেশে অভিযান শুরু হয়েছে তবে আমরা প্রাথমিক পর্যায়ে আপনাদেরকে সতর্ক করছি যাতে নিষিদ্ধ পলিথিন / পলিপ্রপাইলিন শপিং ব্যাগ ব্যবহার থেকে আপনারা বিরত থাকেন কারণ পলিথিন পরিবেশের উপর মারাত্মক প্রভাব ফেলে আমরা আমাদের আগামী প্রজন্মকে একটি সুন্দর পরিবেশ উপহার দিতে চাই তাই আসুন আমরা নিষিদ্ধ পলিথিন ব্যবহার বন্ধ করি এবং এর বিকল্প ব্যবহার করি।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুর রাজ্জাক মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ও ওমর ফারুক প্রিন্স সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান। নিষিদ্ধ পলিথিন ব্যবহার নিরুৎসাহিত করতে জনসাধারণকে মাঝে লিফলেট বিতরণ করা হচ্ছে সেটি তুলে ধরা হলো। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার সম্পর্কিত নির্দেশনা দেওয়া হয়।

প্লাস্টিকের ব্যাপক ব্যবহারজনিত সৃষ্ট দূষণ বিশেষতঃ সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হতে সৃষ্ট দূষণ পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হিসেবে বিরাজ করছে। এ প্রেক্ষাপটে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের মধ্যে অন্যতম হচ্ছে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অধস্তন দপ্তর/সংস্থা সমূহকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহারে নিরুৎসাহিত করা। এ ধারাবাহিকতায় সিঙ্গেল ইউজ প্লাস্টিক ক্রমান্বয়ে বন্ধ করার (Phase out) লক্ষ্যে কঠিন বর্জ্য বিধিমালা ২০২১’ এর বিধি-৯ এর আলোকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক এর তালিকা প্রজ্ঞাপন আকারে ২৮/০৮/২০২৪ খিঃ তারিখ সরকার কর্তৃক জারি করা হয়েছে।

বিদ্যমান প্রেক্ষাপটে সকল দপ্তর/সংস্থায় তালিকাভূক্ত সিঙ্গেল ইউজ

প্লাস্টিকের ব্যবহার বন্ধ করার লক্ষ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রীর পরিবর্তে নিম্ন-লিখিত বিকল্পের প্রস্তাবনা করেছে যা আপনার মাধ্যমে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অধস্তন দপ্তর/সংস্থা সমূহকে অবহিত করা আবশ্যক:
প্লাস্টিকের ফাইল বা ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশ বান্ধব অন্যান্য সামগ্রীর ফাইল ও ফোল্ডার ব্যবহার করা।

প্লাস্টিকের ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিক্সের ব্যাগ ব্যবহার করা। প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল বা কাঁচের গ্লাস ব্যবহার করা। প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক্স, জুট ফেব্রিক্স বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরী ব্যানার ব্যবহার করা।দাওয়াতপত্র, ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরনের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা। বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা। একবার ব্যবহার্য্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা।প্লাস্টিকের কলমের পরিবর্তে পেন্সিল/কাগজের কলম ব্যবহার করা।

বার্ষিক প্রতিবেদন সহ সকল ধরনের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা। ফুলের তোড়া (Flower Bouquet) - তে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা।

মুজিবনগরে উপজেলা প্রশাসনের মাসিক সভা অনুষ্ঠিত

মুজিবনগরে উপজেলা পর্যায়ের মাসিক বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছেন। আজ বুধবার উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে সকাল এগারোটা থেকে এসব সভা অনুষ্ঠিত হয়।

মাসিক সভায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, উপজেলা জঙ্গিবাদ সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি, উপজেলা চোরা চালান প্রতিরোধ কমিটির, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে

উপজেলা টাস্কফোর্স কমিটিসহ উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি, উপজেলা যৌতুক বাল্যবিবাহ নিরোধ এবং জন্ম মৃত্যু নিবন্ধন কমিটি সহ উপজেলা পর্যায়ের ১৫ টি কমিটির সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমেন, উপজেলা প্রকৌশলী খালিদ হাসান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লালটু মিয়া, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান সহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ।

সড়কে শৃঙ্খলা ফেরাতে মুজিবনগরে যৌথ বাহিনীর জনসচেতনতামূলক অভিযান

নিজের জীবন রক্ষার্থে হেলমেট বাধ্যতামূলক ও অবশ্যই ড্রাইভিং লাইসেন্স করাসহ সড়কের শৃঙ্খলা ফেরাতে মুজিবনগরে যৌথবাহিনী অভিযান পরিচালিত হয়েছে।

আজ বুধবার দুপুরে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের নেতৃত্বে সেনাবাহিনী,পুলিশ ও ট্রাফিক পুলিশের যৌথ অভিযান পরিচালিত হয়। মোটরসাইকেল চালক যাদের মাথায় হেলমেট নেই, ড্রাইভিং লাইসেন্স নেই এবং রেজিস্ট্রেশন বিহীন সকল প্রকার গাড়ি চালক কে জরিমানা সহ জনগণকে সচেতন করা হয় এবং মোবাইল কোর্টের মাধ্যমে গাড়ির কাগজ, ডাইভিং লাইসেন্স না থাকা ও হেলমেট বিহীন গাড়ি চালকদের জরিমানা করা হয়।

এ সময় সেনাবাহীনীর ওয়ারেন্ট অফিসার জামাল, ট্রাফিক ইন্সপেক্টর বিশ্বজিৎ ঘোষ উপস্থিত ছিলেন।

জনসচেতনতামূলক অভিযানে উপজেলা নির্বাহী অফিসার বলেন, মটরসাইকেল চালোনোর সময় অবশ্যই হেলমেট ব্যবহার করতে হবে। গাড়ির রেজিট্রেসনের পাশাপাশি বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এমন কথা বলে প্রথম পর্যায়ে আমরা যৌথবাহীনীর সমন্বয়ে জনসচেতনতা মূলক অভিযান চালাচ্ছি জনগণকে সতর্ক করতে সীমিত আকারে জরিমানা করছি। পরবর্তীতে সড়কের শৃঙ্খলা ফেরাতে আমরা আরো কঠিন অবস্থানে যাবো।

মেহেরপুর পুলিশের অভিযানে ৭ জন গ্রেফতার

মেহেরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন মামলার সাত আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ। এদের মধ্যে সিআর মামলায় আদালতের পরোয়ানাভুক্ত এক জন ও নিয়মিত মামলার ছয় আসামি রয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল থেকে আজ বুধবার (১৩ নভেম্বর) ভোর রাত পর্যন্ত মেহেরপুর সদর, গাংনী, মুজিবনগর থানা পুলিশ ও জেলা গোয়েন্দা পুলিশের পৃথক টিম আলাদা অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেপ্তার করে।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছে। বুধবার (১৩ নভেম্বর) দুপুরে গ্রেপ্তারকৃতদের আদালতে নেওয়া হয়েছে।

মুজিবনগরে নাইমএমএ পিস্তল ও গুলিসহ যুবক আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের অনলাইন ক্যাসিনো ও মাদক ব্যবসায়ী সোহাগ হোসেনকে (৩২) নাইন এমএম পিস্তল ও অস্ত্র গুলিসহ আটক করেছে যৌথ বাহিনী।

আজ সোমবার রাত ৯ দিকে এ অভিযান চালানো হয়। আটক সোহাগ হোসেন মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের আমিনুল ইসলামের ছেলে। তার বিরুদ্ধে চাঁদাবাজি, অনলাইন ক্যাসিনো এবং মাদক ব্যবসার অভিযোগ রয়েছে বলে জানায় পুলিশ।

অভিযান সুত্রে জানা গেছে, অনলাইন ক্যাসিনো ও মাদক ব্যবসায়ীরা অস্ত্র গুলি নিয়ে এসেছে এমন গোপন খবর পায় যৌথ বাহিনী। আজ সোমবার সকালে অভিযান চালিয়ে সোহাগকে তার বাড়ি থেকে একটি চাইনিজ কুড়াল ও ২টি মোবাইল ফোন কয়েকটি সিমসহ আটক করা হয়। এরপরে জিজ্ঞাসাবাদে তার স্বীকারোক্তিতে সদর উপজেলার আশরাফপুর গ্রামের ঝুকিপাড়া শশ্মানঘাট সংলগ্ন মাঠ থেকে জার্মানির তৈরী একটি নাইনএমএম পিস্তল, ৪ রাউন্ড গুলি এবং ১টি ম্যাগাজিন উদ্ধার করা হয়। আটক সোহাগের নামের অস্ত্র আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে বলে জানান মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান।

মুজিবনগরে ভারতীয় পেঁয়াজের বীজসহ পালাতক চোরাকারবারী আটক

মুজিবনগরে ২১ কেজি ভারতীয় পেঁয়াজের বীজ সহ জাকির হোসেন নামের এক পালাতক চোরাকারবারীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ রবিবার দুপুরে আটক হওয়া পেঁয়াজের বীজ থানায় নিতে আসলে তাকে আটক করা হয়। আটকৃত জাকির হোসেন মুজিবনগর উপজেলার আনন্দ বাস গ্রামের সাপুরের ছেলে।

এর আগে গোপন সংবাদের ভিত্তিতে গৌরীনগর গ্রামে ভারতীয় পেঁয়াজের বীজ আটক করতে গেলে বীজ ফেলে রেখে চোরা কারবারীরা পালিয়ে যাওয়ার সময় তাদের চিহ্নিতকরণ করে আনন্দবাস গ্রামের জাকির হোসেন ও সোনাপুর গ্রামের জাহাঙ্গীর হোসেন সহ অজ্ঞাতনামা দুই-তিনজনকে আসামি করে একটি এজাহার দায়ের করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, গতকাল শনিবার দিবাগত রাত ১ টা ৩০ মি:

দিকে ৪ থেকে ৫ জন ব্যক্তি চোরাচালানের মাধ্যমে বিপুল পরিমাণ ভারতীয় পেঁয়াজের বীজ নিয়ে গৌরিনগর গ্রামের খালের ধার দিয়ে গৌরিনগর গ্রামের দিকে যাচ্ছে। এমন গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই আব্দুর রাজ্জাকের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স অভিযান পরিচালনা করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে চোরা কারবারীরা পেঁয়াজের বীজ ফেলে রেখে পালিয়ে যাওয়ার সময় তাদের চিহ্নিত করে পুলিশ।

পরে থানায় এসে উল্লেখ দুইজনসহ ৩/৪ জনকে অজ্ঞাত আসামী করে একটি মামলা দায়ের করা হয়। এদিকে রবিবার দুপুরে এদের মধ্যে জাকির নামের ওই ব্যক্তি থানায় বীজ নিতে আসলে তাকে আটক করা হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান ঘটনার সতত্যা নিশ্চিত করেন।

মুজিবনগরে টিএফসিএল’র আয়োজনে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে ট্রিটমেন্ট ফর চেঞ্জজিং লাইফ (টিএফসিএল) এর আয়োজনে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) উপজেলার শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এই ক্যাম্পের আয়োজন করা হয়। মেডিক্যাল ক্যাম্পে দাঁত ও সাধারণ চিকিৎসাসেবা দিচ্ছেন ঢাকা থেকে আগত বিভিন্ন মেডিকেলের বিশেষজ্ঞ চিকিৎসকরা চিকিৎসা প্রদান করেন।

এসময় সেবা নিতে আসা রোগীদের মাঝে বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। টিএফসিএল একটি অরাজনৈতিক ও অলাভজনক স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান। গরীব-অসহায়দের স্বাস্থ্য সেবা নিশ্চত করতে ২০১০ সালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের ২০০১ ব্যাচের কয়েকজন বন্ধু মিলে সংগঠনটি প্রতিষ্ঠা করে। এর আগে মেহেরপুরের বুড়িপোতা ও সোনাপুর গ্রামে

দুটি মেডিকেল ক্যাম্প পরিচালনা করে সংগঠনটি।

সংগঠনের সদস্যরা বলেন, আমরা কয়েকজন বন্ধু মিলে এই উদ্যোগ গ্রহণ করি। ছোট পরিষরে হলেও আমরা এগিয়ে যাচ্ছি। এলাকার বিত্তবানরা যদি এগিয়ে আসে তাহলে আগামীতে এই সেবার পরিধি আরও বাড়িয়ে আমরা অসহায় মানুষের পাশে থাকতে চাই। মুজিবনগর থানা পুলিশ ও শিবপুর যুব সংঘর সদস্যরা সার্বিক সহযোগিতা করে।